

🗏 আল-মুলক | Al-Mulk | اَلْمُلْك

আয়াতঃ ৬৭:৮

💵 আরবি মূল আয়াত:

تَكَادُ تَمَيَّزُ مِنَ الغَيظِ آ كُلَّمَا أُلقِىَ فِيهَا فَوجٌ سَالَهُم خَزَنَتُهَا اَلَم يَاتِكُم نَذِيرٌ ﴿٨﴾

ক্রোধে তা ছিন্ন-ভিন্ন হবার উপক্রম হবে। যখনই তাতে কোন দলকে নিক্ষেপ করা হবে, তখন তার প্রহরীরা তাদেরকে জিজ্ঞাসা করবে, 'তোমাদের নিকট কি কোন সতর্ককারী আসেনি'? — আল-বায়ান

ক্রোধে আক্রোশে জাহান্নাম ফেটে পড়ার উপক্রম হবে। যখনই কোন দলকে তাতে ফেলা হবে তখন তার রক্ষীরা তাদেরকে জিজ্ঞেস করবে, 'তোমাদের কাছে কি কোন সতর্ককারী আসেনি?' — তাইসিরুল

রোষে জাহান্নাম যেন ফেটে পড়বে, যখনই তাতে কোন দলকে নিক্ষেপ করা হবে, তাদেরকে রক্ষীরা জিজ্ঞেস করবেঃ তোমাদের নিকট কি কোন সতর্ককারী আসেনি? — মুজিবুর রহমান

It almost bursts with rage. Every time a company is thrown into it, its keepers ask them, "Did there not come to you a warner?" — Sahih International

৮. রোষে জাহান্নাম যেন ফেটে পড়বে, যখনই তাতে কোন দলকে নিক্ষেপ করা হবে, তাদেরকে রক্ষীরা জিজ্ঞেস করবে, তোমাদের কাছে কি কোন সতর্ককারী আসেনি?

তাফসীরে জাকারিয়া

- (৮) রোষে জাহান্নাম যেন ফেটে পড়বে,[1] যখনই তাতে কোন দলকে নিক্ষেপ করা হবে, তখনই তাদেরকে তার রক্ষীরা জিজ্ঞাসা করবে, 'তোমাদের নিকট কি কোন সতর্ককারী আসেনি?'[2]
 - [1] ক্রোধে ও রাগে তার একাংশ অন্যাংশ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে। এ জাহান্নাম কাফেরদেরকে দেখে বড় ক্রোধান্বিত হবে। (ক্রোধান্বিত হওয়ার) এই অনুভূতি মহান আল্লাহ তার মধ্যে সৃষ্টি করে দেবেন। আর এ কাজ তাঁর জন্য কঠিন নয়।
 - [2] যার কারণে তোমাদেরকে আজ জাহান্নামের আস্বাদ গ্রহণ করতে হল?





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5249

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন